



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
(গবেষণা ও বৃত্তি শাখা)



ICT
DIVISION

FUTURE IS HERE

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.৩৩.১০৮.১৮-৪০৩

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫
১০ ডিসেম্বর ২০১৮

বিজ্ঞপ্তি

আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০১৮-১৯ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ”
প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এক্ষেত্রে নির্বাচিত ০২ জন ফেলোকে (১ জন পুরুষ ও ১ জন মহিলা) মাসিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

- ০২। হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপের যোগ্যতাঃ
বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১(এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন শেষ হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে কোন সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরি করবেন না বা অন্য কোন প্রতিষ্ঠান হতে ফেলোশিপ/অনুদান গ্রহণ করবেন না মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ঘোষণা প্রদান করতে হবে।
- ০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ নং ৪.১ এবং ১৫)।
- ০৪। অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়: ০৩-০১-২০১৯খ্রি. রাত ১২:০০ টা পর্যন্ত।
- ০৫। নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য ও বিবেচিত হবে না।
- ০৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন, পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০